তারিখ 06 MAR 1994
পৃষ্ঠা ৩ কলাম ৭

দৈনিক ইত্তেফাক

41

# ডেন্টাল কলেজ ছাত্রাবাসে সংঘর্ষ ॥ ৮ জন আহত

মেডিকেল রিপোর্টার ॥ গত শুক্রবার দিবাগত মধ্যরাত্রে ডেন্টাল কলেজ সোবহানবাগ ছাত্রাবাসে একদল ছাত্র ছাত্রলীগ (ম-ই) কর্মীদের উপর অতর্কিতে হামলায় চালায়। এই হামলা ছাত্রলীগের ৮ জন কর্মী আহত হয়। আহতদের ৫ জনকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। ভর্তিকৃতরা হইতেছে, বিপ্লব (২২), রাহাদ (২২), নবারণ

(১১শ পৃ: ২-এর ক: দ্র:)

## ডেন্টাল কলেজ ছাত্রাবাসে

( প্রথম পৃঃ পর )

(২১), সুমন (২২) ও পিন্টু (২২)। তাহারা সবাই উক্ত কলেজের প্রথমবর্ষের ছাত্র। আহতরা এই হামলার জন্য ছাত্রদল কর্মীদের দায়ী করিয়াছে। পূর্ব ঘটনার জের হিসাবে তাহাদের উপর হামলা চালায় বলিয়া জানা গিয়াছে। এদিকে কর্তৃপক্ষ কলেজ ও ছাত্রবাস ক্যাম্পাসে শান্তি-শৃংখলা বজায় রাখার জন্য গতকাল একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্ত অনুযায়ী তিন সপ্তাহের জন্য কলেজ বন্ধ ঘোষণা করেন। আজ (রবিবার) বেলা ২টার মধ্যে সকল ছাত্রকে ছাত্রাবাস ত্যাগ করার নির্দেশ দেন। আগামী ২৭শে মার্চ কলেজ পুনরায় খুলিবে।

এদিকে স্বাধীনতা চিকিৎসক পরিষদের সভাপতি অধ্যাপক এম এ কাদেরী এবং মহাসচিব ডাঃ মোস্তফা জালাল মহিউদ্দিন এক বিবৃতিতে গতকাল (শনিবার) ঢাকা ডেন্টাল কলেজ ছাত্রাবাসে 'সরকারী মদদপুষ্ট গুণ্ডাবাহিনীর হাতে' ঘুমন্ত ও পাঠরত ছাত্রদের উপর হামলা ও প্রথম বর্ষের ৫ জন ছাত্রকে মারাত্মকভাবে আহত করার ঘটনায় তীব্র নিন্দা করিয়াছেন। তাহারা অবিলম্বে হামলাকারীদের গ্রেফতার ও কলেজে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরাইয়া আনার জন্য কর্তৃপক্ষের কাছে দাবী জানান। বাংলাদেশ ছাত্রলীগ জাতীয় কার্যকরী সংসদের সভাপতি মঈনুদ্দীন হাসান চৌধুরী ও সাধারণ সম্পাদক ইকবালুর রহিম এক বিবৃতিতে ছাত্রলীগের ৫ জন নেতা-কর্মীর উপর ঘুমন্ত অবস্থায় হামলার তীব্র নিন্দা করিয়াছেন। বাংলাদেশ ছাত্রলীগ ঢাকা ডেন্টাল কলেজ শাখার আহ্বায়ক মির্জা আরিফুর রহমান ও যুগ্ম আহ্বায়ক সমীর কুমার পাল এক বিবৃতিতে ঢাকা ডেন্টাল কলেজ ছাত্রাবাসে 'জাতীয়তাবাদী ছাত্রদলের কতিপয় গুণ্ডার' ছাত্রলীগের ছাত্রদের উপর হামলার নিন্দা করিয়াছেন।